মাতৃ-আরাধনা

শ্রী গণেশ চন্দ্র সেন গুপ্ত

পঁচিশ খানা ছাড়া বাকী সব পুস্তক শ্রীশ্রী দিদি গুরুপ্রিয়ার নিকট প্রদান করা হইল আশ্রমের জন্য। বিক্রয়-লব্ধ অর্থ দিদির ইচ্ছা অনুযায়ী আশ্রমের কার্যে ব্যয়িত হইবে।

—গ্রন্থাকার

শ্রীশ্রীমা আনন্দময়ী

—ঃ মাতৃ-আরাধনা ঃ—

(বাংলা ভাষায় ও দেব ভাষায়)

নমি গুরু, নমি মায়, নমি সর্ব্ব দেবতায়;
আত্মিক প্রভাব মোর লোপ যেন নাহি পায়।

বাসনা পূজিব তোমা অন্তর ভরিয়া,
কৃপা করি তাই মোরে রাখ জাগাইয়া।

সেবক
গণপতি বাবাজী

—ঃ নিবেদন ঃ—

অক্ষম সন্তানের মায়ের চরণে পূজা--নিবেদনের অতি অক্ষম প্রয়াস এই পুস্তকখানি। শ্রীশ্রীমা আপন করুণায় অশক্ত সন্তানের এই অতি দীন পূজাঞ্জলি যদি গ্রহণ করেন তবেই তাঁর দীন সন্তানের জীবন-প্রয়াস সার্থক হইবে।

আমি ৯৩ বৎসরের ক্ষীণদৃষ্টি, অতি দুর্বল বৃদ্ধ। এই পুস্তকখানি প্রকাশে আমার জ্যেষ্ঠা কন্যা বিশেষ সাহায্য করিয়াছে। ঠিক মত প্রকাশে আমার পুত্রবধূ শ্রীমতী উমা সেনগুপ্তার নানাভাবে সাহায্য-দানও সবিশেষ উল্লেখ যোগ্য।

আমার অন্তরের ভাবাবেগ ভক্ত পাঠকের অন্তর স্পর্শ করিলে কৃতার্থ হইব।

চন্দননগর,
কলিকাতা

বিনীত
শ্রী গণেশ চন্দ্র সেন গুপ্ত

—ঃ অবতরণিকা ঃ—

জয় গুরু, জয় মাতা, জয় ভগবান্,
গুরু, মাতা, ভগবান্, একে অধিষ্ঠান।

❁ ❁ ❁

বিশুদ্ধ চৈতন্য গুরু মোর,
বিশুদ্ধ আধারে,
শুভ্র নিরমল;
অনন্তের শুভ্র কোলে খেলে
আনন্দের স্তরে,
নিত্য, অচঞ্চল।

❁ ❁ ❁

সর্বরূপা, সর্বেশ্বরী, ভগবতী মা আমার,
মহানন্দে ঢালে সদা কৃপাবারি অনিবার।

❁ ❁ ❁

ভগবান, মহাপ্রাণ, করে সৃষ্টি, স্থিতি, লয়
তাঁহারি বিধানে জাগতিক খেলা 'মায়াময়।

❁ ❁ ❁

আমরা অমৃত, কিন্তু মৃত্যুময় এ জীবন,
জগতের যত খেলা মায়াতে হয় সৃজন।

❁ ❁ ❁

কলিযুগে মোহাবৃত জগতের পুণ্যাকাশ,
মহাশক্তি মাতা করে অবতরি মোহনাশ।
মায়ের একান্ত ভক্ত স্বামীজী অখণ্ডানন্দ,
মাতৃময় ছিল সদা, অটুট ছিল আনন্দ।
তাঁহার দুহিতা— 'দিদি'— ভক্তিপ্রাণা গুরুপ্রিয়া,
মাতৃময় প্রাণে পুণ্যদীপ্তা আছে প্রকাশিয়া।
মাতৃ-আজ্ঞা লভি মত্ত সে গো ধর্ম-সংস্থাপনে,
সন্ন্যাসী পরমানন্দ, সহকর্মী, চলে সনে,
আত্মভোলা মাতৃ ধ্যানে।

* * *

এমন মায়ের দেখা পাওয়া
মিলে গেছে ভাগ্য ফলে,
আনন্দে হয় উছল হিয়া
যতই নমি পদতলে।

* * *

মা-মা বলে সোজা চলে যাও ডেকে প্রাণ খুলে
নাম বর্ম্মে ঢেকে প্রাণ, বিজয় পতাকা তুলে।
দিশাহারা হ'য়ে কভু হ'বে নারে পথহারা,
মিলে যাবে সব কিছু, মহানন্দে রবে ভরা।
মায়ের আদেশ এক— 'ডাক সদা ভগবানে',
তাঁর রাজ্যে, তাঁরি খেলা চলিয়াছে সর্বক্ষণে।
দেবদেবী, যত আরো, সকলি তো ভগবান,
এক ব্রহ্ম বহুরূপে চালাইছে অভিযান।

—০—

—ঃ মাতৃ-আরাধনা ঃ—

(১)

সৃষ্টি স্থিতি প্রলয়ের নিয়ামক তুমি মা আমার
বিশ্বরূপা মহাদেবী — লীলাছলে সেজেছ সাকার।
মানবের বুদ্ধিবৃত্তি সেও তো, মা, তব মহাদান,
পরব্রহ্ম তুমি মাগো, নিত্য তব নব অভিযান।
বরণীয়া জ্যোতি তব উছলিছে মহাবিশ্ব কোলে,
মগ্ন যেন রহি সদা তোমার সে জ্যোতি-ধ্যান-মূলে।

❁ ❁ ❁

(২)

অসীম অনন্ত তুমি, আনন্দরূপিণী,
খেলিতেছ মহাখেলা; অধম আমরা
জীবজ্ঞানে ভাবি শুধু দেহী সাজে তুমি
আসিয়াছ বিলাইতে জাগতিক সুধা।
সুন্দর উজল মূর্ত্তি দীপ্ত গরিমায়,
সরলা বালিকা সম হাসি সুনির্মল,
কেড়ে লয় সকলের প্রাণ; দুঃসাধ্য মা
বুঝিব আমরা মহামায়া-মায়া খেলা।
জননী সেজেছ যদি হও কৃপাময়ী,
দূর কর সন্তানের সকল সন্তাপ।
নির্মল মঙ্গল করে পরশিয়া তুমি,
কর, মাগো, পূতশুদ্ধ, স্নিগ্ধ পুণ্যপ্রাণ।

দূরে যদি থাক মাগো, নাহি দাও দেখা,
কেমনে বেদনা সহি? মাগো, নাহি জ্ঞান
বুঝিবারে আছ তুমি সাথে; কর সদা
শক্তি সঞ্চারণ নির্জীব সন্তান দলে।
কেন মা সাজায়ে জীব দাও এত জ্বালা,
কেন এই মায়া খেলা, মোহময় লীলা?
বিশুদ্ধ চৈতন্যময়ী শান্তির আধার,—
গুণাত্মিকা লীলা এই সাজে কি তোমার?
অজ্ঞান সন্তান যবে মোহ মুগ্ধ প্রাণে
আগুনে ঝাঁপায়ে পড়ে পতঙ্গের মত,
নির্বিকার কেমনে মা দেখ সেই খেলা
মহানন্দে, নাহি তারে তুলে লয়ে কোলে?
স্বপন তোমার কাছে, জীবে সত্যজ্ঞান,
দহনের মহাজ্বালা, তীব্র হাহাকার
ভরিছে মা দশদিশি; ঢাল গো এবার
শান্তির বিমল ধারা, শান্ত হোক সব।

❁ ❁ ❁

(৩)

মূলাধার স্থিতা মা গো গুণাতীতা তুমি,
অবিদ্যা রহিতা তুমি দেবী ব্রহ্মময়ী,
অবিচ্ছিন্ন মহানন্দ ভোগ্য বস্তু তব—
রূপহীন মহানন্দ লাগিলনা ভাল।

তাতে বুঝি হ'ল মা ঈক্ষণ, বহুরূপে
করিতে গো উপভোগ মহানন্দরসে,—
মায়াতীতা হ'য়ে শুরু হল মায়ালীলা।
জগৎ তোমার চোখে আনন্দ বুদ্বুদ,
জীবে হের নারায়ণ এক ব্রহ্মময়।
দেহাত্মিকা বুদ্ধিলয়ে তোমার সন্তান
খেলি সবে মোহখেলা, নাহি শুদ্ধ জ্ঞান;—
ব্রহ্মহীন দেখি মোরা জীব ও জগৎ,
জাগতিক সুখ-দুখে আপ্লুত জীবন।
লক্ষ্যহারা মোহমুগ্ধ সন্তানের ব্যথা
হেরিয়া কাঁদিলবুঝি জননী হৃদয়?
তাই তো ডাকিয়া বুঝি কহ নিরন্তর
নামাগ্নিনে দগ্ধ করিবারে মোহজাল!
জ্বালায়ে জ্ঞানের আলো আঁধারের পারে
চালাও সন্তানে তব এক লক্ষ্যে সব।
হৃদয় মথিয়া, মাগো, গগন ভেদিয়া,
কোটি কোটি কণ্ঠে কি গো উঠিবে বাজিয়া
মধুময় ব্রহ্মনাম নানারূপ ধরি?
বহিবে আনন্দ উৎস ভুবন প্লাবিয়া?
নামের মধুর রসে লীলা কাণ্ড তব
হ'য়ে যাবে ভাবময় আনন্দ প্রকাশ?
আশীষ গো পারি যেন জ্বালাতে আগুণ,
হৃদয়--ইন্ধন খুলি মাতৃ নাম গানে।

(৪)

মহাশক্তি মা মোদের, আমরা দুর্বল—
এ নহে সম্ভব কভু; প্রত্যেকে আমরা
মহাশক্তি পরমাণু; মায়ালীলা ফলে
ঢাকিয়া গিয়াছি মোরা মোহ--আবরণে।
দেহ-রূপ সজ্জা আর দেহাত্মিকা মতি
দিয়াছ মা মায়ামন্ত্র করি মজ্জাগত—
জন্ম জন্মান্তর দশা ভুগি কর্মফল
জপিয়া সে মায়ামন্ত্র. কলের পুতুল।
বহু খেলা খেলিয়াছি, কৃপা কর এবে,
শক্তি দাও ভুলে যাই মায়ামন্ত্র তব;
উঠুক ফুটিয়া, মা গো, শুদ্ধ আত্মজ্ঞান
ছাড়ি জীবলীলা মহা করিব প্রয়াণ।
আদ্যাশক্তি তুমি আছ সকলের মূলে,
মায়াবিনী সাজ ছেড়ে সাজ কাত্যায়ণী।
মঙ্গল পরশে কর জ্ঞানের উন্মেষ—
হ'য়ে যাক্ লীলা খেলা জীবত্বের শেষ।

* * *

(৫)

দাও মা ফেলে মায়ার তুলা
বাজুক কানে মহাসুর;
তাল মিলায়ে ঐ সুরে মা

জীবন বাঁশী হোক্ মধুর।

মোহের তন্দ্রা টুটবে ধীরে

অজ্ঞান ঘোর হবে দূর;

জ্ঞানের শুভ্র আলোক রেখা

ফুটবে গো, মা সুমধুর।

তোমার সুরে যখন গো, মা,

মিলবে দীন প্রাণের সুর;

মহানন্দ স্পন্দনে তো

রইবে হৃদি ভরপুর।

ভুলব তবে আমার আমি

অহং ভাব হবে দূর,

জীবত্বটার সকল গর্ব

এক নিমেষে হবে চূর।

হ'য়ে যাব একতারা মা

তোমার হাতের অভঙ্গুর,

তোমার গানে, স্পর্শে তব

পথ রবে না মা বন্ধুর।

❁ ❁ ❁

(৬)

কতকাল আর কাটিবে আমার সংসার নেশার ঝোকে,
কবে মিলিবে মা মুক্ত অবকাশ মনের নিস্তব্ধ লোকে?
কবে গো ঝরিবে জীব-অহঙ্কার, অজ্ঞান পাইবে লয়;
নীরবে করিয়া আত্ম--সমর্পণ হ'য়ে যাব মাতৃময়।

কবে দেখিব মা আনন্দে ভরিয়া তুমি আমি দুটি নয়,
একই চেতনা, একই শকতি খেলিছে জগৎময় ।
আজি যা স্বপন কল্পনার খেলা, সত্য কি হ'বে না আর ?
আবরণে যদি দিয়াছ, ঢাকিয়া, মুক্ত কর, মা আমার ।

❁ ❁ ❁

(৭

শিশিরের ক্ষুদ্র কণা, তারি মাঝে খেলিছে তপন
ক্ষুদ্র জলকণা ধরে কি মূরতি উজল শোভন ।
ক্ষুদ্র জলাশয়, লয়ে নিজবুকে অনন্ত আকাশ,
খেলি অসীমের খেলা-কি সুন্দর লভিছে প্রকাশ !
ক্ষুদ্র দীপ আপনারে বিরাট্ আঁধার কোলে রাখি,
বক্ষে ধরি অগ্নি কণা পুলকিত করে সদা আঁখি ।
আমরাও ক্ষুদ্র জীব, সঙ্কীর্ণ এ নীরস হৃদয়,
মাতৃস্পর্শ হৃদে ধরি হইব বিরাট, মধুময় ।

❁ ❁ ❁

(৮)

অনেক দিয়েছ বটে, কিন্তু, দাও নাই তুমি
যে ধন সাধিবে, মাগো, আমার নিধন ;
একে একে যদি পূরে জীব জীবনের আশা,
মর্ত্ত্যের তিয়াষ কভু হ'বে না বারণ ।
জাগাও সে সুর প্রাণে — বহিয়া যে সুরস্রোতে
শূন্য হ'য়ে হ'বে হৃদি তোমার আসন ;

নিরখিব সুখে সদা তোমার ইঙ্গিত খানি
স্পন্দিত হ'তেছে ধীরে ভরিয়া ভুবন।
তোমারি পূজার তরে সাজাও পূজারী মোরে,
দীন অর্ঘ্য এ দীনের লও হাতে তুলি,
আমার জীবন খানি তোমার চরণ পরে
থাক্ পড়ে নিত্য, মাগো, নীরব অঞ্জলি।

* * *

(৯)

কততালে কতসুরে বাজাও তোমার বাঁশী,
ঝরিতেছে অবিরাম মধুর আনন্দ রাশি।
বিফল প্রয়াসে মোর কাটিয়া গেল গো কাল,
প্রাণে বাজিল না সব—হারাবার মহাতাল।
মায়ের ইঙ্গিতে আমি সাজিয়া লীলা পুতুল,
ভাসিতেছি লীলাস্রোতে জানি না কোথায় কূল।
মায়ের সন্তান নিত্য, মায়ের অধীন সদা,
তারি ইচ্ছা পূর্ণ করি মাখিতেছি এত কাদা।
জানি না কোথায় আরো কি ভাবে খেলিব খেলা
শুধু জানি একদিন দিবে মা চরণ ভেলা।
প্রাণে বড় জাগে সাধ একসুরে বাঁধি প্রাণ
আমার আমিত্ব ধন দেবী মায়ে করি দান।

* * *

জগতে আমরা বেশ করি অভিনয়।
লীলাতালে ক্রীড়াশীল পুতুল অজ্ঞান,
ভুলি আত্মরূপ সদা করি অভিমান।
গরবে মাতিয়া উঠি কত করি ছুটাছুটি
বিগলিত নেত্রে শেষে পাই মা বিলয়।

জনম মরণ আছে রোগ শোক ভয়—
কত মা উত্তাল এই সংসারের রোল,
উন্মাদ উল্লাস আর 'আমি' 'আমি' বোল।
কত সুরে কত বাঁশী ধ্বনিতেছে দিবানিশি,
সর্বোপরি খেলে খেলা নিয়তি দুর্জয়।

যুগে যুগে যুগগুরু হ'তেছে উদয়—
অবিরাম ঢালিতেছে মঙ্গল আশীষ,
তবু মা মলিন স্রোত বহে অহর্নিশ।
ঈর্ষা দ্বেষ দ্বন্দ কত ঘটিতেছে অবিরত,
জগতের আবিলতা হয় না তো ক্ষয়।
ভগবতী মহামায়া তুমি অসংশয়—
সন্তান সাজায়ে যদি করিবে গো লীলা,
বাজাও নূতন সুর, খেল নব খেলা।
হিংসা দ্বেষ সব ভুলি প্রাণে প্রাণে যাক্ মিলি
এ জগৎ হোক্ নিত্য আনন্দ নিলয়।

❋ ❋ ❋

(১১)

শিখলে শুধু বাইতে তরী
হয় না কভু আগে যাওয়া ;
ঢেউয়ে স্রোতে ঝাঁপায় তারে
প্রতিকূলে বইলে হাওয়া।
নিপুণ মাঝি তাও অনেক
তরী লয়ে তলায় জলে,
আগে যাওয়া দূরের কথা
কাঁপায় হিয়া টলমলে।
মায়ের খেয়াল যার উপরে
যেমন করে খেলে যায়,
তারই গতি তেমন করে
জগত বুকে প্রকাশ পায়।

❀ ❀ ❀

(১২)

সর্বময়ী সর্বাত্মিকা তুমি মা আমার,
তোমারে পূজিতে আমি আসি বারবার।
এইবার পূজা মোর করে দাও শেষ,
তোমাতে মিলায়ে নাও, রেখ না গো লেশ।
যতদিন আমি, মাগো, রহিব জগতে,
তোমাতে রাখিও লগ্ন, পূজিব নিভৃতে।
তুমি তো মা মহাধার সকলের সার,

তোমারে পূজিতে সদা আনন্দ অপার।
মথিয়া সকল প্রাণ তব জয় ধ্বনি,
ভরে দিক মহোল্লাসে সকল ধরণী।
আমারে রাখ মা তুমি চরণে বাঁধিয়া,
তোমার পূজায় মন রহিবে মজিয়া।

❁ ❁ ❁

(১৩)

মুক্ত কর আত্মা, দাও ভক্তি দান,
মগ্ন রাখ নামে, পূর্ণ হোক্ প্রাণ।
শূন্য কর মোরে, প্রেম দাও দান,
নবীন ঝলকে ভরে যাক্ প্রাণ।

❁ ❁ ❁

(১৪)

আমি তো মা তোমারি দান বিশুদ্ধ পরাণ,
দেহলয়ে তোমারি গড়া করি অভিযান।
ভক্তি স্রোতে এবার তুমি কর ভাসমান,
তোমা লয়ে খেল্‌ব আমি ভরিয়া পরাণ।
হোক্ মা এ মনঃপ্রধান ভৌতিক দেহ খান,
অহর্নিশি মাতৃ পূজায় উঠুক্ বেজে গান।
কলরোলে সংসারের রুদ্ধ, মা গো, কান
আবিল তরঙ্গ হ'তে তোল, করত্রাণ।

ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান,
সদা তব দরশন চাহে, মাগো, প্রাণ।
ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান,
হৃদয় হইয়া যাক্ দেব অধিষ্ঠান।
ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান,
এইবার হোক্ শেষ মায়া অভিযান।
ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান্,
ব্রহ্ম ধ্যানে মগ্ন পরম রসে ভাসমান।
ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান্,
ডাকিলে মিলিবে সাড়া পালাবে অজ্ঞান।
ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান্,
ডাক কভু বৃথা নহে, মিলে পরিত্রাণ।
ভজ গুরু, ভজরে মা, ভজ ভগবান্,
মহাপ্রাণে মিলে সহজ হ'বে জ্যোতিষ্মান্।

❁ ❁ ❁

দুইটি বিভব নরে দিছে বিশ্বপতি,
ভকতি বিশ্বাস দুই আত্মিক শকতি।
জাগতিক মায়াতালে উঠিয়া পড়িয়া,
শ্রান্ত ক্লান্ত হ'য়ে যবে পড়ে হাঁপাইয়া
ভকতি বিশ্বাস ধীরে বিস্তারি প্রভাব

জাগাইয়া তোলে মানবীয় শুদ্ধভাব।
যাহার হৃদয়ে শক্তি কিছু বিদ্যমান—
প্রাণে তার ভেসে ওঠে বিভু গুণ গান।
ভক্তি ও বিশ্বাসে পূর্ণ করিয়া নির্ভর
প্রাণ খুলে ডাকে তাঁয় সে যে নিরন্তর।
হরি, শিব, কালী, দুর্গা, কৃষ্ণ, বলরাম,
যে নামেতে মজে মন গাহে সেই নাম।
সব নাম তাঁর নাম বাছাবাছি নাই,
ভকতি বিশ্বাস দুই সঞ্জীবনী চাই।
ছেড়ে এস জাগতিক মোহের কবল,
নাম সুধা কর পাব সেই তো সম্বল।
কৃপাধার প্রভু সে যে সদা কৃপাময়,
নানা ভাবে ভক্তগণ করে পুণ্যময়।
জাগাতে বিশ্বাস ভক্তি ভ্রমে সাধুগণ,—
নানা সাজে নিজে প্রভু করে দরশন।

* * *

(১৭)

নমি গুরু, নমি মায়, নমি সর্ব দেবতায়
আত্মিক প্রভাব মোর লোপ যেন নাহি পায়।
নমি গুরু, নমি মায়, নমি দেবতায়,
পুণ্যের ঝলকে যেন প্রাণ মোর ভরে যায়।

নমি গুরু, নমি মায়, নমি সর্ব দেবতায়,
মায়া মোহ কিছু যেন নাহি হয় অন্তরায়।
নমি গুরু, নমি মায়, নমি সর্ব দেবতায়,
দিব্য জ্ঞানে প্রাণ যেন মহানন্দে ভরে যায়।
নমি গুরু, নমি মায়, নমি সর্ব দেবতায়,
রিপু তাপ, গুণতাপ, সব যেন সরে যায়।
নমি গুরু, নমি মায়, নমি সর্ব দেবতায়,
প্রাণ খোলা ডাকে যেন দরশন মিলে যায়।
নমি গুরু, নমি মায়, নমি সর্ব দেবতায়,
দেহ ঝেড়ে এ জগতে না আসি মা পুনরায়।

❁ ❁ ❁

(১৮)

'মৃত্যু' নামে অভিহিত
যেবা আছে মহাসংঘটন—
দেহ ছেড়ে জীবাত্মার
সূক্ষ্ম সাজে সে বহির্গমন।
চৈতন্যের অংশ আত্মা
নহে কভু ধ্বংশের অধীন,
স্থূল জগতের খেলা—
অন্তে পুনঃ সে সাজে নবীন।
সূক্ষ্মদেহে সূক্ষ্মবাসে
অতি দ্রুত করিয়া প্রবেশ,

ভোগ করে কর্ম্মফল
যতদিন নাহি হয় শেষ।
বিধির বিধানে তবে
তার সঙ্কল্পের পূর্ণ জোরে,
জন্ম লয়ে খেলে পুনঃ
এই স্থূল জগৎ আসরে।

❋ ❋ ❋

(১৯)

প্রথম বয়সে, মা গো, জীবন প্রভাতে
পশিলেন 'রামকৃষ্ণ' শূন্য হৃদয়েতে।
তাঁহার পরশে, মা গো, পুণ্যের স্পন্দন
জাগাইল প্রাণমাঝে পূত আন্দোলন॥
সে হ'তে মা আমি তাঁরে পূজি অনিবার,
আমার হৃদয়ে তাঁর পূর্ণ অধিকার।
এই রূপে কেটে গেল দিন পরে দিন,
তার পরে গুরু এক এলেন প্রবীণ।
এই দুই মহাপ্রাণ একত্রে মিলিয়া
দিল দরশন দান প্রাণ মাতাইয়া।
নিশাযোগে হেরিলাম পুলকে পূরিয়া
সম্মুখেতে সাধুদ্বয় রয়েছে বসিয়া।
মুহূর্ত্তেক থেকে তাঁরা চলে যেতে ত্বরা
হৃদয়ে পুলকে মোর হ'য়ে গেল ভরা।
এই ভাবে এর পর পাইনি দর্শন,

মিলে গেল শান্তিময় মাতৃ-পরশন ॥
ব্রহ্মময়ী মা আমার দেবী সর্ব্বময়ী,
পূত স্পর্শ, বাণী, আঁখিপাত সর্ব্বজয়ী।
পূজিবারে মাতৃমূর্ত্তি সকল পরাণ
উচ্ছ্বসিত প্রেমানন্দে করে নাম গান।
পূজিলে আমার এই মাতৃ দেবতায়
আমার দেবতা পূজা পূর্ণ হ'য়ে যায়।
আশীর্ব্বাদ কর, মাগো, তোমাতে ডুবিয়া
পারি যেন জন্মান্তর দিতে বিদূরিয়া ॥

❁ ❁ ❁

(২০)

ভগবান, ভগবান, মা যে মোর ভগবান,
দিবে মোরে কৃপা করি চিরশান্তি মহাদান।
ভগবান, ভগবান, মা যে মোর ভগবান,
জ্যোতির্ময়ী দিবে মোরে মহাজ্ঞান দীপ্ত-প্রাণ।
ভগবান, ভগবান, মা যে মোর ভগবান,
কৃপা করি দিবে মোরে শিব শান্ত মহাত্রাণ।
ভগবান, ভগবান, মা যে মোর ভগবান,
চিরমুক্তি সুনিশ্চিত করিবে গো মা বিধান।
ভগবান, ভগবান, মা যে মোর ভগবান,
আনন্দেতে সে বিধানে করিব মহা-প্রয়াণ।

❁ ❁ ❁

নিত্য সত্য একমাত্র ব্রহ্ম নির্বিকার,
মহাশূন্য তবু ও তো পূর্ণত্বে অপার।
ঈক্ষণে করিল সৃষ্টি, জীব-অগোচর,
বিরাজিত সর্বঘটে, শক্তির আকার।
ঈক্ষণে উদ্ভূত হ'ল ঈশ্বর মহান,
পুরুষ-প্রকৃতি, সম্মিলিত উত্থান।
পুরুষ প্রকৃতি শক্তি করি ক্রিয়মান,
আরম্ভিল জাগতিক মহা অভিযান।
ঈক্ষণের পুণ্য সৃষ্টি যত দেবগণ,
নিজ নিজ কর্মে তারা হ'ল নিমগন।
অসুর, দানব, দৈত্য, আর জীবগণ,
অন্য সৃষ্টি সনে মিলে হ'ল অগণন।
রাজ্য--সৃষ্টি হ'ল পরে, প্রকৃতি শকতি
অভিনয় তার আরম্ভিল দ্রুতগতি।
ঐশ্বরিক বিধি মতে হ'য়ে নিয়মিত,
জাগতিক কার্য্য যত হয় সম্পাদিত।
প্রকৃতি জগৎ হ'ল মায়ার জগৎ,
মানব ভুলিল সে যে কত না মহৎ।
আদিতে যে ধর্মজ্ঞান ছিল বিকশিত,
প্রকৃতির গতি তালে হ'ল বিদূরিত।
উত্তাল আনন্দদীপ্তা মহাদেবী সাজে,
তাহে তো জননী আজি ভারতে বিরাজে।

দেশে দেশে দিশে দিশে ঘুরিয়া ঘুরিয়া
কত ধর্ম-অভিযান দিছে জাগাইয়া।
তাঁহারি চরণে আমি বেঁধেছি পরাণ,
জানি আমি মা জননী দিবে শান্তিদান।
এমন দেবতা আর মিলিবে কোথায় ?
ভজ তাঁরে, ভজ তাঁরে দিন চলে যায়।
ডাক মা, ডাক মা, পূজা কর প্রাণ ভরে;
দিবে সাড়া কৃপাময়ী, পাপ যাবে ঝরে।

❋ ❋ ❋

(২২)

ডাক মায়, ডাক মায়, জাগাও তোমার দিব্য জ্ঞান,
চৈতন্য যদিও তুমি, মায়াখেলা তব অভিযান।
জাগতিক অভিনয়ে স্থূলদেহে প্রথম প্রবেশ,
মহা বিধানের ছন্দে পরিতেছ নব নব বেশ।
স্থূলের জগতে স্থূল, সূক্ষ্মের জগতে সূক্ষ্ম দেহে
খেলিতেছ বহুখেলা ভেসে ভেসে মায়ার প্রবাহে।
স্থূলদেহে জীব তুমি, সূক্ষ্ম দেহে খেল আত্মারূপে,
কোথা কি যে খেল তুমি ভুলে যাও মোহের প্রতাপে।
ভগবান দিয়েছেন ভুল জীবে রাখিতে শান্তিতে,
ভাবে জীব তারি বলে — চলিয়াছে জীবনের পথে।

মৃত্যুপথে সূক্ষ্মাবাসে জন্ম অন্তে করিয়া প্রবেশ,
ভোগকরে কর্মফল যতদিন নাহি হয় শেষ।
গুণত্রয় প্রধাবিত, সঙ্কল্পের পথখানি ধরে,
জন্মলয়ে খেলে পুনঃ এই স্থূল জগৎ আসরে।
জীবাত্মা এরূপে শুধু, করমের বাঁধনের ফলে,
জন্মে জন্মে নব নব সাজে খেলে জগতের কোলে।
মায়া জগতের রিপু-গুণ-তাপে দগ্ধ যারা হয়,
অশান্তির বয় বোঝা, হ'য়ে যায় মহা দুঃখ ময়।
ক্লেশের ভারেতে যবে বিষময় হয় এ জীবন,
দিশাহারা, অসহায় বিভুপদে ঢেলে দেয় মন।
আপনা ভুলিয়া প্রাণভরি যারা পূজে নারায়ণ,
কৃপাধার ভগবান করে দুখ জ্বালা নিবারণ।

❁ ❁ ❁

(২৩)

বিক্ষিপ্ত জগৎ আজ নানা কোলাহলে,
আমারো জীবন ধারা বিক্ষিপ্ত ভূতলে।
অজ্ঞান আঁধারে, মা গো, আছি তো ডুবিয়া,
শ্রান্ত-ক্লান্ত প্রাণে পথ মিলে না খুঁজিয়া।
এক পরে এক, মাগো, প্রবল আঘাত,
বাঁধাইছে শেষ ভাগে বিষম উৎপাত।
মা ছাড়া কে আঙুলিয়া ধরিবে সন্তান,
শক্তি দাও, গেয়ে যাই মাতৃনাম গান।

ডাকিতেছি কতনামে সর্বরূপা মায়,
কৃপা কর, প্রাণ যেন ভেঙ্গে নাহি যায়।
সকল ভুলায়ে মোরে কর তোমাময়,
তোমার আসন হোক্ আমার হৃদয়।
দেব দেবী সব তুমি, ভুল কিছু নাই,
মিলে যাক সাড়া, মাগো, তোমার দোহাই।
ভজ গুরু, ভজ মায়, ভজ ভগবান্ ,
শান্তিময় হোক এই জীব-অভিযান।

❁ ❁ ❁

(২৪)

'মা' 'মা' ডাকে মহাশক্তি,
যায় তমঃ, জাগে ভক্তি,
সমর্পণে জীবত্বের শেষ;
মায়া ক্ষেত্র এজগত,
চলি সদা ভুল পথে,
চরম দুর্গত ভুগি ক্লেশ।
প্রবেশি জগৎ কোলে,
আত্মতত্ব যাই ভুলে,
নেচে চলি মোহলীলা তালে,
মায়াবশে দেহটারে
আমিত্বে সাজায়ে ধীরে,
প্রভুত্বের মাতি গোলে মালে।

মৃত্যুপথে সূক্ষ্মাবাসে জন্ম অন্তে করিয়া প্রবেশ,
ভোগকরে কর্ম্মফল যতদিন নাহি হয় শেষ।
গুণত্রয় প্রধাবিত, সঙ্কল্পের পথখানি ধরে,
জন্মলয়ে খেলে পুনঃ এই স্থূল জগৎ আসরে।
জীবাত্মা এরূপে শুধু, করমের বাঁধনের ফলে,
জন্মে জন্মে নব নব সাজে খেলে জগতের কোলে।
মায়া জগতের রিপু-গুণ-তাপে দগ্ধ যারা হয়,
অশান্তির বয় বোঝা, হ'য়ে যায় মহা দুঃখ ময়।
ক্লেশের ভারেতে যবে বিষময় হয় এ জীবন,
দিশাহারা, অসহায় বিভুপদে ঢেলে দেয় মন।
আপনা ভুলিয়া প্রাণভরি যারা পূজে নারায়ণ,
কৃপাধার ভগবান করে দুখ জ্বালা নিবারণ।

❁ ❁ ❁

(২৩)

বিক্ষিপ্ত জগৎ আজ নানা কোলাহলে,
আমারো জীবন ধারা বিক্ষিপ্ত ভূতলে।
অজ্ঞান আঁধারে, মা গো, আছি তো ডুবিয়া,
শ্রান্ত-ক্লান্ত প্রাণে পথ মিলে না খুঁজিয়া।
এক পরে এক, মাগো, প্রবল আঘাত,
বাঁধাইছে শেষ ভাগে বিষম উৎপাত।
মা ছাড়া কে আগুলিয়া ধরিবে সন্তান,
শক্তি দাও, গেয়ে যাই মাতৃনাম গান।

ডাকিতেছি কতনামে সর্বরূপা মায়,
কৃপা কর, প্রাণ যেন ভেঙ্গে নাহি যায়।
সকল ভুলায়ে মোরে কর তোমাময়,
তোমার আসন হোক্ আমার হৃদয়।
দেব দেবী সব তুমি, ভুল কিছু নাই,
মিলে যাক সাড়া, মাগো, তোমার দোহাই।
ভজ গুরু, ভজ মায়, ভজ ভগবান্,
শান্তিময় হোক এই জীব-অভিযান।

❁ ❁ ❁

(২৪)

'মা' 'মা' ডাকে মহাশক্তি,
যায় তমঃ, জাগে ভক্তি,
সমর্পণে জীবত্বের শেষ ;
মায়া ক্ষেত্র এজগত,
চলি সদা ভুল পথে,
চরম দুর্গত ভুগি ক্লেশ।
প্রবেশি জগৎ কোলে,
আত্মতত্ব যাই ভুলে,
নেচে চলি মোহলীলা তালে,
মায়াবশে দেহটারে
আমিত্বে সাজায়ে ধীরে,
প্রভুত্বের মাতি গোলে মালে।

এ খেলা তো ভুল খেলা,
মায়া মুগ্ধ সারা বেলা,
　　চোখ বেঁধে ঘুরি ঘূর্ণিপাকে ;
বিশুদ্ধ চৈতন্য বিন্দু,
জ্ঞানময় মহাসিন্ধু,
সব ভুলে ছুটি মায়া ডাকে ।
তাই 'মা' 'মা' ডেকে ডেকে,
জীবত্বটা ফেল ঢেকে,
　　পর মনঃপ্রধান সে সাজ,
'মা' ডাক তুলনা হীন;
ব্রহ্মপদে করে লীন,
　　ভুলায় সকল ব্যর্থ কাজ ।
মাতৃনামে নির্ভর,
কাঁপিবনা থর থর,
　　ভয় লাজ নাহি রবে বাধা ;
শুদ্ধ জ্ঞান উ.ষিয়া
মৌন, শান্ত, শূন্য হিয়া,
　　কাজ শুধু মাতৃনাম সাধা ।
ভেঙ্গে বাসনার ডালি,
কামনার রাঙ্গা থালি,
　　মাতৃপদে ঢেলে দাও মন,
পূর্ণ হোক সমর্পণ,
করি আত্ম-নিবেদন,
　　লভ মুক্তি, লভ শ্রেষ্ঠ ধন ।

❀ ❀ ❀

❁ ❁ ❁

জন্মান্তর লীলা এই বড়ই জটিল,
তিন দেহ আত্মা লয়ে খেলা সাবলীল।
অনাদি লিঙ্গ সে গড়ে স্থূল সূক্ষ্ম দোঁহে,
ধারিত ও যথাবিধি ছু'য়ে তায় রহে।
ছেড়ে দেয় ছু'য়ে পুনঃ নিরূপিত কালে,
লিঙ্গদেহে নিত্যযুক্ত আত্মা রচে জালে।
যতকাল জন্মান্তর, রহে এ মিলন,
মোক্ষলাভ সনে ইহা লভে বিনাশন।
ইহলোকে স্থূলদেহে, সূক্ষ্মে পরলোকে,
কর্মফল হয় ভোগ দুখে বা পুলকে।
সুকর্মে সুফল ভোগ, কুকর্মে কুফল,
বিধির বিধান এ তো হয় না নিষ্ফল।
স্থূল দেহ মনঃশক্তি করে বিচলিত,
তাই তো মনের শক্তি হয় নিরোধিত।
স্থূল সঙ্গ মুক্তমন সূক্ষ্ম লোকে গিয়ে,
আত্মভাবে রহে মগ্ন সদা সূক্ষ্ম লয়ে।
সূক্ষ্ম মনঃ প্রধান সে সঙ্কল্প প্রধান,
এ সঙ্কল্প ক'রে দেয় সৃষ্টি সমাধান।
সূক্ষ্মলোক স্বপ্ন রাজ্য ঠিক বটে কথা,
সে স্বপ্ন অলীক নহে, আছে বাস্তবতা।

সূক্ষ্মেতে স্বাধীন মন নিদ্রা বিজড়িত,
প্রেত নিদ্রা সেও মৃত্যু ইহাও বিদিত।
সূক্ষ্মদেহে মৃত্যু হ'লে লিঙ্গদেহে যায়.
সেথা হ'তে মর্ত্তলোকে আসে পুনরায়।
এই জন্ম, এই মৃত্যু, পুনরাগমন,
জন্মান্তর ইতিহাস, মায়িক জীবন।
জীবন দূষিত হ'লে দুর্গতি অশেষ,
ডাক সদা ভগবানে, দূর হ'বে ক্লেশ।
নাম জপ মহৌষধি উদ্ধারের পথ,
নাম রসে ডুবে থাকা, উপেক্ষি জগৎ।

* * *

(২৬)

কোথা হ'তে এনে মাগো কোথা ছেড়ে দাও,
দেখ চেয়ে একবার কিযে গো ঘটাও।
প্রকৃতি ত্রিগুণময়ী খেলে তার খেলা,
ষড়রিপু নরদেহে মিলাইছে মেলা।
নানা ছবি প্রকৃতির অতি বিমোহন,
সহজেই মুগ্ধ করে মানবের মন।
ছয় রিপু করে সৃষ্টি মহা উন্মাদনা,
জ্ঞানহারা প্রাণে জাগে উদ্দাম বাসনা
প্রকৃতির রজ:তম: ষড়রিপু আর,
মহাবেগে নরদেহে করে মা বিহার।

সত্ত্বময় চৈতন্যের বিশুদ্ধ প্রভাব,
উদ্দীপ্ত করে গো চিতে পূত প্রেমভাব।
মোহ মুগ্ধ নর, কিন্তু, দেখে কী স্বপন,
ভুলে যায় নিজ শক্তি, ভোলে নারায়ণ।
শেষ হোক খেলা এই পুণ্যের ঝলকে,
কীর্ত্তনে ভরুক দেশ নারায়ণে ডেকে।
মাগো, তুমি দাও জেলে দিব্যজ্ঞান বাতি,
ধৌত হোক্ পুণ্যলোকে তোমার সন্ততি।

❁ ❁ ❁

(২৭)

নারায়ণ, নারায়ণ, ওহে নারায়ণ,
গড়িয়াছ তুমিই তো প্রভু এ জীবন।
নারায়ণ, জীবন শরণ।
মেখে দাও এ নয়নে শুদ্ধ জ্ঞানাঞ্জন,
মুছে যাক্ মায়া মোহ ওহে নিরঞ্জন!
নারায়ণ, পতিত পাবন!
হ'য়ে যাক তোমাময় আকুল এ মন,
প্রেম বিগলিত ধারে ভাস্থক নয়ন।
নারায়ণ, হে হৃদিরঞ্জন।

❁ ❁ ❁

(২৮)

মায়া-আবরণে ঢাকা খেলে নর ভ্রান্তি কোলে.
এ-ভ্রান্তি মা কে স্থজিল, নাচে নর কোন্ বোলে?

আমি তো মা শ্রান্ত ক্লান্ত পারি না রাখিতে তাল,
এ ভ্রান্তির ছন্দে মা গো ঘুরাইবে কতকাল ?
ব্রহ্ম জ্যোতির্ম্ময়ী মাতা তুমি তো এসেছ নামি,
দাও মা পরশ তব, প্রণমিয়া এবে থামি।
জন্ম জন্মান্তর কত ঘুরিতেছি তানে লয়ে,
মহা-মুক্তি মাঝে মাগো থাক্ সব স্তব্ধ হ'য়ে।

* * *

(১৯)

ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান্,
রয় না যেন মা ও আমার মাঝে ব্যবধান।
ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান্,
আকুল হ'য়ে মার চরণে লুটাব পরাণ।
ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান্,
প্রাণ ভরে হোক্ দিবানিশি মাতৃনাম গান।
ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান্,
চৈতন্যে ভেসে মিলুক মায়ের সনে প্রাণ।
ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান,
ভ্রান্তি মোহে ডুবে থাকার হোক রে অবসান।
ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান্,
নামের বলে রিপুর দলে হবে হতমান।
মহানন্দে শেষ হয়ে যাক্ জীবন-অভিযান।
ভজরে গুরু, ভজরে মা, ভজরে ভগবান্।

(৩০)

তুমি সুন্দর বিশ্বকারণ হে,
চির-বাঞ্ছিত, হৃদি-বিহারী,
তব নির্মল মঙ্গল পরশে
মুছে দাও নয়নের বারি।
বেদনার শত আঘাত লইয়া
জীবন আমার দিয়েছ গড়িয়া,—
সকলি সহিব, নীরবে কাঁদিব।
তুমি গেলে, প্রভু, পাশরি।
এত যদি জ্বালা দিয়েছ সহিতে
শকতি কেন হে দাওনি ?
আকুল অন্তরে ডাকি যে তোমারে,—
মোরে শুনাও অভয়বাণী।
দহিবে, দিব হৃদি-ইন্ধন খুলি,
পুড়ে যাক ধীরে সুখ আশাগুলি,
জ্বলিব জীবনে মরম দহনে,
তব প্রেমের, গো, চির-ভিখারী।

* * *

(৩১)

জয় জয় ভগবান, করুণা নিধান ভগবান,
করেছ জগৎ সৃষ্টি-মনোরম, লীলাময় স্থান।
হয় যদি শান্তিহীন, সৌন্দর্য্য তাহার চলে যায়,
সাত্ত্বিক প্রভাবে, প্রভু, দীপ্ত করিবেনা পুনরায় ?

কিছু তো বুঝিনা, দেব, সীমাবদ্ধ প্রাঙ্গনের জীব,
তোমার অনন্ত বিশ্বে কর্মস্রোতে কোথা হেরি শিব?
সর্বময় হে সর্বজ্ঞ, দ্রষ্টা, সর্ব গুণের আধার,
সৃজক, পালক, তুমি, ধ্বংশে তব পূর্ণ অধিকার।
সৃজন, পালন, ধ্বংশ, সে যে অতি বিধান জটিল,
স্মৃতিহীন, জ্ঞানহীন, তালে নাচে ব্রহ্মাণ্ড নিখিল।
সরল সহজ তুমি, জ্ঞানময় পবিত্র আধার,
বিচলিত নহ কভু, সৃষ্টি ধ্বংশে সদা একাকার।
মায়া সৃষ্টি তুমি জান, তাই সদা আছ নির্বিকার,
সত্য ভেবে তারে মোরা শোক তাপে দহি অনিবার।
মোহভ্রান্ত তবু খেলি, হয় না তো বাসনার শেষ,
এক জীর্ণ বেশ ছাড়ি, আরবার পরি নব বেশ।
ভাঙ্গ এ নিঠুর লীলা, কানে ভেসে আসুক আহ্বান,
দূর হোক্ মৃত্যু মায়া, অমৃত ভরিয়া তুলি প্রাণ।
হিংসা দ্বেষ. পাপতাপে যত হোক্ পূর্ণ এ জগৎ
নির্বিকার মায়াতীত প্রভু, কিন্তু কৃপাল, মহৎ।
অকৃতী অধম শুধু রচেছিনু ধূলার অঞ্জলি,
ঝরায়ে ধরায় আজ উর্ধে তাই চাহি আঁখি তুলি।
জন্ম জন্মান্তর ভোগে, প্রভু, আজ হয়ে গেছি ম্লান,
কিছুই চাহিনা আর, চাহি শুধু চির পরিত্রাণ।

❀ ❀ ❀

(৩২)

বন্ধ কর দূর, দাও ভক্তি দান,
মগ্ন রাখ নামে, পূর্ণ হোক্ প্রাণ।

ধূলার অঞ্জলি দাও, ভেঙ্গে দাও;
নিতে তব দান অঞ্জলি রচাও।
সংসারের রোল হ'য়ে যাক লীন,
তব বাঁশী স্বর শুনি নিশিদিন।
শূন্য কর মোরে, কর প্রেম দান,
নূতন আলোকে ভ'রে যাক্ প্রাণ।

❁ ❁ ❁

(৩৩)

মা তুমি, বাবাও তুমি, সাজ আরো কত রূপে,
ব্রহ্মময়ী তুমি সদা, আছ বসি স্ব-স্বরূপে।
কেমন সন্তান আমি, তোমারে মা যাই ভুলে,
কোন্ মায়াশক্তি মোরে আনে টানি এ অকূলে ?
এ তো নহে মাতৃলীলা, সন্তানে মা টান বুকে,
নানা পাকে ঘুরাও মা সন্তানেরে কোন সুখে ?
তুমিই সৃজক মাগো, সৃজিয়াছ এই ধাঁধা,
পূত শুদ্ধ রাখ মোরে, ধুয়ে ফেল ধূলি কাদা।
ভক্তি প্রেমে ভর প্রাণ, লভি যেন পরিত্রাণ;
তুমি সদা কৃপাময়ী, দীন তব এ সন্তান।
যে ভাবে চালাবে যেন সে ভাবে চলিতে পারি,
মায়ার সংগ্রামে, মাগো, তব সুত নাহি হারি।

❁ ❁ ❁

(৩৪)

জয় গুরু, মা, মা জয়
জয় জয় নারায়ণ,
সৃজন পালন তব,
তোমারি তো বিনাশন ।
তোমারে ডাকিলে সদা,
মহাকৃপা মিলে যায়,
আনন্দে ভরিয়া চিত্ত
উছসিত গান গায় ।
রিপুতাপ গুণতাপ
পারে না দহিতে আর,
প্রেমভক্তি ভরা প্রাণে
মহিমা গাহে তোমার ।
ডাকরে মা, ডাক হরি,
সর্বতৃষ্ণা পরিহরি,
মগ্ন হ'য়ে নাম গানে
ভব সিন্ধু যাও তরি' ।
নাম সঙ্গে আছে নামী
মিলে যাবে দরশন,
প্রেমেতে আকুল শুধু
ঝরিলেব রে দুনয়ন ।

❀ ❀ ❀

(৩৫)

জন্ম দিন হ'তে এ জগতে
সাজায়ে রেখেছ মোরে দীন—

মুক্তি দানে ধনী করে মোরে
এবে, মাগো, সাজাও নবীন।
নির্বাণ,— নির্বাণ, আজি তুমি
শ্রেষ্ঠ ধন কর মোরে দান,
তোমারি তো অংশ সাজিয়াছে
আজি যে গো তোমার সন্তান।
জন্মে জন্মে বহু খেলা, মাগো,
খেলায়েছ তব এ জগতে।
অসার সে সার সাথে, কভু,
মিলিতে চাহেনা কোন মতে।
জীবন-সন্ধ্যায় যদি আজি
হইল মা কিছু জ্ঞানোন্মেষ,
চরণে মিলায়ে কৃপা করি
এ খেলার কর আজি শেষ।

❁ ❁ ❁

(৩৬)

মাতৃসাজে ভগবান্ এ জগতে বিদ্যমান.
তাঁহার আশ্রয়ে মোর চলিতেছে অভিযান।
রিপুতাপ, গুণতাপ, আরো নানা কত তাপ,
জাগতিক খেলা তালে নিত্য রাখে নব ছাপ।
মাতৃশক্তি, মহাশক্তি, তাহাতে নির্ভর মোর,
তাহার প্রভাবে ধ্রুব কাটিবে গো জ্বালা ঘোর।

ভক্তি ভরে প্রাণ খুলে ডাকি সদা 'মা' 'মা' বলে;
অন্তর ভরিবে জ্ঞানে, আলোক উঠিবে জ্বলে।
ভৌতিক বসনে ঢাকা — হ'তে পারে সব ফাঁকি,
চৈতন্য গিয়াছে ঢেকে, মহামূঢ়, বসে থাকি।
'মা' 'মা' ডাক ঝঙ্কারিয়া আঁধার করিবে দূর,
মহানন্দে হ'য়ে যাবে প্রাণখানি ভরপূর।
চঞ্চল জগৎ, আরো চঞ্চল যে এ জীবন,
চঞ্চলেরে না ভুলিলে তাপ-ব্যর্থ প্রাণ মন।

* * *

(৩৭)

নিত্য সত্য ভগবান মাতৃরূপে বর্ত্তমান,
বুঝিনা, মা, আগমন তব এ যে কী মহান্।
যাতনায় কাঁদি, মাগো, পুনঃ আনন্দেতে হাসি,
এ ভাবেই বেজে চলে মোর জীবনের বাঁশী।
মনে হয় নিরন্তর জন্ম জন্মান্তর ধরি,
পাপ বোঝা নানাভাবে নিয়েছি মা শিরোপরি।
জন্মান্তরে ঘটেছে যা সব তো, মা, গেছি ভুলে,
এ জনমে যত পাপ ধুয়ে দাও কৃপা ঢেলে।
আমরা কি পূতশুদ্ধ চৈতন্যের এক বিন্দু ?
এ দশা কেন গো তবে, মাও তো গো কৃপাসিন্ধু ?
বহু তাপ সয়ে আর পারি না যে মা সহিতে,
মুক্তিদান দাও আর নাহি আসি গো ভ্রমিতে।

* * *

(৩৮)

কত খেলা হ'য়ে গেল জীবন আসরে মোর,
কাটিল না তবু হায় অজ্ঞান তমসা ঘোর।
মোহ-মুগ্ধ হ'য়ে যে মা ডাকিতেও করি ভুল,
প্রকৃতির গুণক্রিয়া সকল ভ্রান্তির মূল।

* * *

(৩৯)

উচ্চ কণ্ঠে তুলে তান, 'মা' 'মা' বলে ডাক রে।
শূন্য হ'য়ে সকল ছেড়ে, 'মা' 'মা' বলে ডাক রে।
রজঃ তমঃ গুণ দ্বয়
করিছে যে পুণ্য ক্ষয়,
করতে দোঁহে নিরাকৃত, 'মা' 'মা' বলে ডাক রে।
সত্ত্বগুণ ও বাঁধে তোরে
সুপথে সহস্র ডোরে,
এড়াইতে তারেও তাই, 'মা' 'মা' বলে ডাক রে।
এ যে মহাশক্তি ধ্বনি,
ব্রহ্ম স্থিতি দিবে আনি,
আনন্দে মাতিয়া তাহে 'মা' 'মা' বলে ডাক্ রে।
মাতৃময় হ'য়ে তুই 'মা' 'মা' বলে ডাক রে।
দ্বিধা দ্বন্দ ছেড়ে দিয়ে 'মা' 'মা' বলে ডাক রে।

(৪০)

দেহটাতো ঝরবে আছে সুনিশ্চিত দিন,
অবিরত রোগে শোকে করছে মোরে ক্ষীণ।
মানতে হ'বে মহাবিধান, অন্য গতি নাই,
শান্ত রাখতে মনটারে মা মাতৃ কৃপা চাই।
প্রকৃতির এ রঙ্গমঞ্চ লাগেনা আর ভাল,
যাই গো মিলে মায়ের পায়ে, ঘুচুক সকল কালো।
তাল বেতালে এক করে, মা, সন্তানে সাজাও,
মনটারে তার টেনে লয়ে তোমাতে ডুবাও।
সকল ভুলে পরাণ খুলে ডাকব আমি 'মা',
প্রকৃতির এই মায়া ডাকে আর তো ভুলবনা।
জাগুক প্রাণে সরস-তানে মাতৃনাম গান,
ঝঙ্কারিয়া উঠুক, মাগো, শুদ্ধ হৃদয় খান।
খেলছি খেলা মা'য়ের কোলে, যদিও অজ্ঞান
জ্বলুক চিতে জ্ঞানের আলো, তোমার মহাদান।
তোমার ডাকে উঠুক মেতে শুদ্ধ মনপ্রাণ,
আলোয় আলোময় হ'য়ে, মা, আসুক গো নিধাণ।

❋ ❋ ❋

(৪১)

মলিন আধারে বিম্বিত চৈতন্য'— জীবত্ব কি মাগো তাই ?
আধার হইতে হইলে মুক্ত কি জীবত্ব ছোঁয়াচ নাই ?
মৃত্যুর প্রভাতে জীব চেতনা কি চৈতন্য সাগরে মেশে ?

কার জন্ম হয়, কে প্রবেশে, মাগো, প্রকৃতি-আসরে এসে ?
জীবত্বের বাসনা নিচয় রহে কি বিধৃত এক সাথে ?
কর্ম ক্ষয়ে নব দেহে জীব তারি সাথে ফিরে এ জগতে ?
প্রকৃতি জগতে গুণাত্মিকা জীবের জীবত্বলীলা এই ?
ভাঙ্গিতে প্রকৃতি সংযোগ অজ্ঞান কোথায় গো পায় খেই ?
বাসনা, কামনা জাগতিক যত যাওয়া আসা যাক্ ঝরে ।
বিশুদ্ধ চৈতন্য সাজে সাজাইয়া লও এবে তুলে মাতৃ-ক্রোড়ে ।

※ ※ ※

(৪২)

কি আর কহিব, মাগো, জাগে না তো দিব্য সাড়া,
কে পারে ধরিতে তোমা, যদি নাহি দাও ধরা ?
সকল জুড়িয়া, দেবী, ধ্রুব তব অধিষ্ঠান,
মায়ার এমনি মোহ পাই না তো সে সন্ধান ।
মাতৃসত্ত্বা সর্বময় সকল ঘিরিয়া ওই—
বুঝিবার শক্তি, মাগো, জাগিয়া উঠিল কই ?
বহুজন্ম বহুখেলা, হ'য়ে গেছে কত শেষ,
অজ্ঞান প্রভাব তার মোছেনি তো আজো লেশ ।
বিশুদ্ধ চৈতন্য জ্যোতি জানি না গো, মা, কেমনে,
ঢাকা পড়ে গেছে হেরি, নিভৃত হৃদয়–কোণে ।
জাগাও, জাগাও, মাগো, দিব্য আলো দাও জ্বেলে,
ডাকিব মা পূজিব মা শান্ত পূত প্রাণ খুলে ।
দুর্বল সন্তানে, মাতঃ, করগো, সবল কর ;
কর্ত্তব্য বাঁধনে বাঁধা তুমি ও তো নিরন্তর ।

সন্তান দুর্গতি হেরি এলে যদি মা ছুটিয়া,
জ্ঞান আলো জ্বেলে তবে তমঃ দাও বিদূরিয়া।
তোমার পূজায় থাক্ নিমগন এ হৃদয়,
গাই তব গুণগান হ'য়ে সদা মাতৃময়।

❁ ❁ ❁

(১৩)

মা'য়ের চরণ ধূলি সুখে মাথে লও তুলি,
এ ধূলি যে মহাসম্ভাবান ;
ভক্তি ভরা প্রাণ লয়ে পূজ তাঁরে মগ্ন হ'য়ে,
দেবতা পরশ দিবে দান।
আদি-অন্ত শুদ্ধ বাক্,— 'মা' ডাক্ তো শ্রেষ্ঠ ডাক্,—
নির্মল সে ধৌত করে প্রাণ ;
'মা' ডাকেতে দিব্যশক্তি জাগায়ে পরমা ভক্তি,
কৃপামৃত করায় সে পান।
জন্ম হ'তে 'মা' 'মা' বোল মিলায় জননী কোল,
মিটাইয়া সর্ব প্রয়োজন।
আপনার মা পূজিলে বিশ্বের জননী মিলে,
কৃতার্থ সে মানব জীবন।
ডাক 'মা' 'মা' উচ্চস্বরে, মলিনতা যাবে ঝরে
অন্তর হইবে নিরমল।
হৃদয় হইবে শুদ্ধ, অন্তরাত্মা সুপ্রবুদ্ধ,
মন সদা রবে অচঞ্চল।
প্রেম-পূত ভক্তি সনে, ডাক তাই প্রাণপনে।

মগ্ন তুমি রহ মাতৃধ্যানে,
জগতের কোলাহলে চিত্ত উঠিবে না ছুলে,
যাত্রা তব অমৃতের পানে।

❁ ❁ ❁

(৪৪)

স্থির শান্তি চাও যদি মন,
জেনে লও, 'জীবন স্বপন'।
প্রকৃতির বিমোহন তালে,
ভুলো না রে কে তুমি যে ছিলে।
সনাতন এক বিন্দু তুমি,
জীবদেহ তব লীলাভূমি।
বিশুদ্ধ চৈতন্য তুমি ওরে,
প্রাণ সেজে জীবে থাক জুড়ে।
ত্রিগুণ চালিত জীবগণ
ভুলে যায় তারা কি রতন।
মুগ্ধ হ'য়ে প্রকৃতির বোলে,
জন্মান্তরে বাঁধাপড়ে চলে।
এ বাঁধন কঠিন বন্ধন,
জ্বালাময় করে এ জীবন।
মূঢ়, জ্বালা সহিয়া সহিয়া,
জন্ম জন্ম চলে যে কাঁদিয়া।
উদ্ধারের উপায় সরল,—
ভগবানে ডাক অবিরল।

কলিযুগে এই নামগান,
এনে দেয় চির--পরিত্রাণ ।
হারায়ো না হেলায়, মানব,
নামরূপ অমূল্য বিভব ।
জন্ম--সে যে দুখের আকর,
ডাক হরি, ডাক রে শঙ্কর ।

৩ ৩ ৩

(৪৫)

'মা' ডেকে জাগ রে তুমি, মা ডেকে ঘুমাও,
'মা' 'মা' ডেকে নিশিদিন সবারে মাতাও ।
মা ডাকের মহাশক্তি, এনে দিবে মহামুক্তি,
কাটিবে বন্ধ-আসক্তি, 'মা' 'মা' 'মা, 'মা' গাও ।
ভরে দিবে সব ফাঁক, মহামিলনের ডাক,
বিশোধন মন্ত্র এই, আর কি বা চাও ?
সদা 'মা' 'মা' গাও ।
পরাণ ভরে, উচ্চস্বরে, 'মা' 'মা' 'মা' 'মা' ডাকের জোরে
ভবের খেলা সাঙ্গ কর, অভয় চরণ পাও ।

৩ ৩ ৩

(৪৬)

আমি কি বলিব, মা গো, এটা তো লাগেনা ভাল,
পিতৃ কোল হ'তে পুত্র এই ভাবে চলে গেল ।

মায়া সৃষ্টি দেহী আমি. নহি তো মা নিত্য সত্য,
প্রকৃতি ঘুরায় পাকে নাহি মোর আধিপত্য।
তুমি তো মা কৃপাময়ী, মহীয়সী, মহপ্রাণ,
যা হ'বার হয়ে গেল, এবে কর পরিত্রাণ।
মা ছাড়া কে দিবে বলে মানব--জীবন--গাথা,—
কোথা হ'তে কেন আসি, কেন সহি এত ব্যথা?
বাস্তব চৈতন্য যদি, কেন গো হই মলিন?
চেতনা অরূপ, শুদ্ধ, নহে তো মা জ্যোতিহীন।
কত খেলা হ'য়ে গেল জীবন আসরে মোর,
কাটিলনা তবু আজো অজ্ঞান তমসা ঘোর।
মোহ-মুগ্ধ হ'য়ে, মাগো, ডাকিতেও করি ভুল,
প্রকৃতির গুণক্রিয়া সকল ভ্রান্তির মূল।
শোকের উত্তাল ঢেউ এমনি হের উছলে,
ব্রহ্মময়ী মা আমার,—সে কথাও যাই ভুলে।
ক্ষমা কর অজ্ঞানে মা, এ যে জীব হীন বল,
আঘাতে আঘাতে তার ভেঙ্গে দিছে মনোবল।
মায়ার খেলায় মিলে এত কেন মাতামাতি?
জ্বাল এবে জ্ঞান-আলো, নিভে যাক্ মোহবাতি।
কৃপাধারা তুমি মাতা, তুমি অগতির গতি,
তোমাতে কর গো বদ্ধ দীন অবোধের মতি।

❁ ❁ ❁

(৪৭)

ওঁ তৎ সৎ ওঁ।

অন্তর ভরিয়া উঠুক বাজিয়া,

ওঁ তৎ সৎ ওঁ

আনন্দ প্লাবনে, হৃদয় অঙ্গনে,

উঠুক নিনাদি নব বিবর্ত্তনে,

ওঁ — ওঁ — ওঁ।

মৃত্যু ভয় যাক, দ্বন্দ হোক দূর,

ঝঙ্কারি উঠুক প্রাণেতে মধুর

ওঁ — ওঁ — ওঁ।

কৃপা--দিপ্তী ভরা হৃদয়ে রাজুক

মহামিলনের ধ্বনিটি, বাজুক

ওঁ তৎ সৎ ওঁ।

❁ ❁ ❁

(৪৮)

সর্ব শান্তি ভরা মহাশূন্য কোলে,

অবোধ, অজ্ঞান প্রকৃতির দোলে,

জন্ম জন্মান্তর খেলি গো আঁধারে,

মৃত্যু ঝঞ্ঝা লেগে গেলে যাই ঝরে।

কেন আসে মাগো মোহের আবেশ ?

অপরাধ কেন করি গো অশেষ ?

কেন মা রহিনা ডুবিয়া তোমাতে ?
কেন ভালবাসি খেলিতে জগতে ?
কত ভুল, কত ভ্রান্তি, কত গ্লানি,
জ্ঞানোজ্জ্বল দীপ্তি কেন গো ফোটেনি ?
ভেঙ্গে দাও, মাগো, ভেঙ্গে দাও ভুল;
টেনে লও কোলে, কর মা আকুল।
দূর কর জাগতিক অন্তরায়,
নাহি যেন ভুলি পূজিতে তোমায়।
মাতৃ কৃপা রসে দাও ডুবাইয়া,
